



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০৩.২৫.০১০.২১.৩৬

তারিখ: ১৮ মাঘ ১৪২৮
০১ ফেব্রুয়ারি ২০২২

বিজ্ঞপ্তি


বিষয়: **Bangladesh Institute of Governance and Management (BIGM)** কর্তৃক আয়োজিত 'Strategic Management' প্রশিক্ষণ কোর্সের ১ম ব্যাচে কর্মকর্তা মনোনয়নের বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Strategic Management' প্রশিক্ষণ কোর্সের ১ম ব্যাচ আগামী ১২ মার্চ ২০২২ তারিখ হতে শুরু হবে। প্রশিক্ষণ কোর্সটি অর্থ বিভাগের Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় আয়োজন করা হয়েছে।

০২। কোর্সটি ০৩ সপ্তাহব্যাপী পরিচালিত হবে। উক্ত সময়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/প্রতিষ্ঠানের দীর্ঘ মেয়াদি লক্ষ্য অর্জনের জন্য কৌশল প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন সম্পর্কে ধারণা দেওয়া হবে। কোর্স সম্পর্কিত বিস্তারিত তথ্য নিম্নরূপ:

(ক)	উক্ত কোর্সে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন যাদের বয়স অনূর্ধ্ব ৫২ বছর।
(খ)	উক্ত কোর্সে ৮ জন নারী কর্মকর্তাসহ মোট ২৪ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন ০৩ সপ্তাহ BIGM-এ সংযুক্ত থাকবেন।
(গ)	কোর্সটি সপ্তাহে ০৫ দিন শনি-বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে। যাতায়াত ভাতা হিসাবে দৈনিক ৬০০/- (ছয়শত) টাকা এবং দুপুরে খাবার প্রদান করা হবে।
(ঘ)	BIGM কর্তৃক আয়োজিত Policy Analysis কোর্সে অংশগ্রহণকারীর সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী এ কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবেন।

০৩। আগ্রহী কর্মকর্তাগণ আগামী ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন।



১-২-২০২২

এ.এস.এম. মুস্তাফিজুর রহমান

যুগ্মসচিব

ফোন: ৯৫৭৭১১৩

ইমেইল: it3@mopa.gov.bd

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বর্ণিত বিজ্ঞপ্তি ও সংযুক্ত আবেদন ফরম এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।